গাংনীতে বাড়ির পথে প্রতিবেশীর বেড়া

জমিজায়গা সংক্রান্ত ঝামেলার কারণে বাড়ির পথে বেড়া দিয়েছেন প্রতিবেশীরা। এতে বেশ কিছু দিন ধরে বিড়ম্বনার শিকার একটি পরিবার। অভিযোগ রয়েছে বাড়ি থেকে রাস্তার পথের দুদিকে শক্ত করে বাঁশ আর পাটকাঠি দিয়ে প্রতিবেশীর বেড়া দেওয়ায় সহোযোগিতা করেছেন স্থানীয় প্রভাবশালী কয়েকজন। তবে প্রভাবশালীদের দাবি অভিযোগ মিথ্যা।

ঘটনাটি মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামে। দীর্ঘদিন ধরে পৈত্রিক ভিটায় বসবাস করছেন মৃত মজির উদ্দিনের ছেলে মোয়াজ্জেল হক ও তার পরিবার। হঠাৎ করে বাড়ির পথে প্রতিবেশীরা বেড়া দেওয়ায় সীমাহীন সমস্যায় পড়েছেন তিনি।

মোয়াজ্জেল হক বলেন, আমাদের ৫ শরিকের মোট জমি ৩৮ শতক। এক শরিকের ভাগে আমি পাবো সাড়ে ৭ শতক। আমাদের সামনে থাকা আরেক শরিকের জমি ক্রয় করেছিল আবুল কাশেম (এখন মৃত)। মৃত আবুল কাশেমের বাড়ির সামনে দিয়ে আমাদের বাড়ি থেকে রাস্তায় বের হওয়ার গলিপথ। হঠাৎ করেই সেই পথটি আটকে দিয়েছে তারা। যার ফলে আমরা খুব অসুবিধায় পড়েছি। বাঁশ ঝাড়ের পাশ দিয়ে পুকুরের কাঁদা পানির মধ্যে দিয়ে খুব কষ্টে বাড়িতে যেতে হচ্ছে। আমাদের বাড়ির পিছনে তাদের জমি রয়েছে সেই জমিতে যাওয়ার জন্য আমাদের বাড়িঘর ভেঙে তারা এখন অন্যায়ভাবে পথের দাবি করছে।

মোয়াজ্জেল হকের ছেলে পলাশ হোসেন বলেন, এটা আমাদের বাপদাদার সম্পদ। বাইরের একজন এসে এখানে জমি কিনেছে। আমাদের বাড়ির পিছনে আরেকটি জমি কিনে এখন বাড়িঘর ভেঙে পথ চেয়ে বসছে। না দেওয়ায় এখন অন্যায় ভাবে পথ চেয়ে আমাদের পথ আটকে দিয়েছে। বাড়ি থেকে বের হয়ে গরুর ঘাস নিয়ে আসা থেকে শুরু করে সবকাজে খুব অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। আমার নিজের জমিতে পথ অথচ প্রভাবশালীদের ক্ষমতার বলে পথটি আটকে হুমকি দিচ্ছে। আমরা খুব সমস্যার মধ্যে আছি এবং তাদের আইনের বিচার দাবি করছি।

পলাশ হোসেনের মা ও মোয়াজ্জেল হকের স্ত্রী বলেন, আমার শ্বশুরদের জমিতে সাড়ে ৭ শতক কিনে আবুল কাশেম। আবুল কাশেম মারা গেছে আর তার ছেলে ইলিয়াস বিদেশে রয়েছে। কিন্তু নাহিদা (ইলিয়াসের স্ত্রী) তার

ভাই এবং এলাকার কিছু প্রভাবশালী লোকদের হাত করে আমাদের ওপর অন্যায় করছে। আমরা বাড়ি থেকে বের হতে পারছি না। কাজকর্ম করতে পারছি না। বের হওয়ার পথ আটকে দিয়েছে লাঠিয়াল লোকজন নিয়ে এসে।

তবে বিষয়টি নিয়ে পথ আটকানো প্রতিবেশীদের কোন বক্তব্য না থাকলেও তাদের হয়ে স্থানীয় কয়েকজন জানান, মৃত আবুল কাশেমের জমি রয়েছে প্রথমে এবং শেষে। মাঝখানে রয়েছে মোয়াজ্জেল হক। মোয়াজ্জেল হককে সামনে পথ দিতে তাদের শর্ত হচ্ছে পিছনে মৃত আবুল কাশেমের জমিতে যাওয়ার জন্য মোয়াজ্জেল হকের জমির ওপর দিয়ে তাকেও পথ দিতে হবে।

বিষয়টি নিয়ে কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহা. আলম হুসাইন বলেন, বিষয়টি নিয়ে পরিষদে একটি অভিযোগ আসলে আমি স্থানীয় ইউপি সদস্যকে পাঠায় যাতে ওই পরিবারটির যাতায়াতের পথটি খুলে দেওয়া হয়। কিন্তু প্রতিপক্ষের লোকজন ইউপি সদস্যের সাথে খারাপ আচরণ করেছে। বিষয়টি যাতে সঠিক মিমাংসা হয় সেটি আমি দেখবো।

এসএসসিতে মানবিক বিভাগে সর্বোচ্চ নাম্বার পেলেন গাংনীর ওয়াসিম জাফর

গাংনীর মেধাবী শিক্ষার্থী মো: ওয়াসিম জাফর ২০২৩ সালের অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজে মানবিক বিভাগ থেকে অংশগ্রহণ করে ফলাফলে জিপিএ-৫ (গোল্ডেন) পেয়ে কৃতিত্ব অর্জন করেছে।

মেহেরপুর জেলার মেধা তালিকায় সর্বোচ্চ ১১৮২ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করায় বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে। তার কৃতিত্বের বিষয়টি নিশ্চিত করেছেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আব্বাস উদ্দীন। তিনি বলেন, মোট ১৩০০ নম্বরের মধ্যে ১১৮২ নম্বর পাওয়া মানে অনেক ভাল ফলাফল। আমিও তার সাফল্য কামনা করি।

মো: ওয়াসিম জাফর গাংনী পৌর সভার ৮ নম্বর ওয়ার্ডের মহিলা কলেজ

পাড়ার সালাহ উদ্দিন প্রফেসর ও মনোয়ারা খাতুনের ছেলে। তিন ভাইবোনের মধ্যে মো: ওয়াসিম জাফর ছোট।

সে প্রথমে গাংনীর ফুলকুড়ি স্কুল ও লাইসিয়াম স্কুলে পড়ালেখা করে। পরে তাকে সন্ধানী স্কুল এন্ড কলেজে ভর্তি করা হয়।

মোঃ ওয়াসিম জাফর জানায়,তার লেখা পড়ায় অনুপ্রেরণা তার মা বাবা ও বিদ্যালয়ের শিক্ষকদের। তবে এতো ভাল ফলাফল হয়েছে জেনে তার আগামী দিনের লেখাপড়ার আগ্রহ আরও প্রবল হয়েছে।

মো: ওয়াসিম জাফরের এ কৃতিত্বে সন্ধানী স্কুল এন্ড কলেজের শিক্ষকরাও তাকে অভিনন্দন জানিয়েছেন। সেই সাথে মো: ওয়াসিম জাফরের পরিবারের পক্ষ থেকে মেধাবী শিক্ষার্থী ওয়াসিম জাফরের সুস্থতা ও মঙ্গল কামনা এবং মানবিক মানুষ হওয়ার জন্য সকলের কাছে দোয়া কামনা করেছেন।

মেহেরপুরে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে মানববন্ধন

মেহেরপুরের বারাদীতে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে মানব বন্ধন করেছেন বেসরকারি স্বীকৃতিপ্রাপ্ত তিনটি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়ীয় মাধ্যমিক বিদ্যালয়, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয় ও মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষিকা, কর্মচারী ও শিক্ষার্থীরা এই মানববন্ধনে অংশ নেন।

আজ সোমবার (৩১ জুলাই) দুপুর পৌনে বারোটার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের বারাদী বাজারের উপর এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক তৌহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত মানববন্ধনে দাবী দাওয়া তুলে ধরে বক্তব্য রাখেন, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেহেদী

রেজা, সহকারি শিক্ষক তারেক মুসা, নাসিমা ইয়াসমীন, সালমা পারভীন, বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক ইয়ামীন হাসান, আব্দুর সবুর প্রমুখ।

বক্তারা বলেন, একই কারিকুলামে শিক্ষাদানসহ একই নিয়ম মেনে শিক্ষকতা করা হলেও সরকারী প্রতিষ্ঠানের শিক্ষকরা বেতন ভাতা বেশি পান। এ ধরনের বৈষম্যতা দুরীকরণে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয় করণের আবেদন জানানো হয়।

শিক্ষককরা, শিক্ষক-কর্মচারীদের অবসর গ্রহণের ৬ মাসের মধ্যে অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্টের পাওনা পরিশোধসহ কয়েকদফা দাবি তুলে ধরেন তারা। ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় বাজেট পাশের পূর্বেই মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের ঘোষণা দেওয়ার অনুরোধ জানানো হয় মানববন্ধনে।

মেহেরপুরে মোবাইল চোরকে ধরে পুলিশে দিলো জনতা

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল চত্তর থেকে খলিলুর রহমান
(৪৮) নামের এক মোবাইল চোরকে হাতে নাতে ধরে পুলিশে দিয়েছেন জনতা।

মোবাইল ফোন চোর খলিলুর রহমান মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামের ইসলাম খাঁ’র ছেলে।

আজ সোমবার (৩১ জুলাই) সকাল সাড়ে ৮ টার সময় মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল চত্তর থেকে তাকে জনতা ধরে পুলিশে সোপর্দ করেন।

মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) তাওহিদ এই তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, স্থানীয়রা তাকে মোবাইল ফোন চুরির সময় হাতে নাতে ধরে পুলিশে দেন। তাকে মেহেরপুর সদর থানার পেন্ডিং মামলা নং ২১ আসামি দেখিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ নারী মাদক বিক্রেতা আটক

হাফ ডজ্জন মাদক মামলার আসামি রেনু খাতুন এবার সাড়ে ৫ গ্রাম হেরোইন নিয়ে ধরা পড়লেন বারাদী ক্যাম্পের পুলিশের হাতে।

মাদক ব্যবসায়ী রেনু খাতুন মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের সাহারুল ইসলামের স্ত্রী।

আজ সোমবার (৩১ জুলাই) সকাল ৮ টার সময় বারাদী বাজারে গোপন সংবাদে পুলিশ অভিযান চালিয়ে রেনুকে আটক করেন। পরে তার শরীরের গোপন অঙ্গের ভিতর থেকে হেরোইন উদ্ধার করা হয়।

বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মফিজুল ইসলাম বলেন, গোপন সংবাদের ভিত্তিতে বারাদী বাজারে অভিযান চালিয়ে রেনুকে আটক করা হয়। পর তার শরীরের যৌনাঙ্গের ভিতর থেকে হেরোইন জব্দ করা হয়। তিনি বলেন, এর আগে রেনু খাতুনের বিরুদ্ধে হেরোইন, ফেনসিডিল ও গাঁজা বিক্রির অভিযোগে আদালতে ৬ টি মামলা চলমান রয়েছে।

হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা হয়েছে। যার মামলা নং ৪৯, তারিখ ৩১/০৭/২৩ ইং। আটককৃত আসামি রেনু খাতুনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে একই মঞ্চে আওয়ামীলীগ-বিএনপি নেতৃবৃন্দ

মহাসমাবেশ ও শান্তি সমাবেশকে ঘিরে যখন রাজধানীসহ বিভিন্ন জেলা- উপজেলায় চলছে সংঘর্ষ, সহিংসতা, বাসে আগুন দেওয়া হয়েছে। তখন

মেহেরপুরের গাংনীতে একই মঞ্চে মিলিত হলেন আওয়ামী লীগ, বিএনপি ও জাতীয় পার্টির নেতারা। এক মঞ্চে বসে তারা অঙ্গীকার করলেন সহিংসতার পথে না গিয়ে মেনে চলবেন নির্বাচনী আচরণ বিধি।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী উপজেলা শাখা সব রাজনৈতিক দলের নেতাদের এক মঞ্চে বসার আয়োজন করে।

মঞ্চে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক প্রচার ও প্রচারনা সম্পাদক প্রভাষক মহিবুর রহমান মিন্টু, পৌর আওয়ামীলীগের সাস্কৃতিক সম্পাদক আজিজুল হক রানু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, আল্পনা আক্তার। গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির নেতা আব্দাল হক। জাতীয় পার্টির গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক আব্দুল লতিব উপস্থিত ছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিএফজির সমন্বয়ক প্রভাসক রফিকুল ইসলাম বকুল, করমদী ডিগ্রী কলেজের প্রভাসক এএসএম সায়েম পল্টু, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক প্রমুখ।

গতকাল রবিবার দুপুরে দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসে এই আয়োজন করা হয়।

এসময় দি হাঙ্গার প্রজেক্টের প্রোগ্রাম অফিসার গিয়াস উদ্দীন, গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দীন উপস্থিত ছিলেন। উপস্থিত নেতৃবৃন্দ বলেন, জাতীয় পর্যায়ে যাই হোক আমরা স্থানীয়ভাবে শান্তিপূর্ণ অবস্থান তৈরী করবো। সহিংসতা পরিহার করে শান্তিপূর্ণ অবস্থানে থাকবো।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের একাংশের বিক্ষোভ মিছিল

সারাদেশে বিএনপি জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামীলীগের একাংশের উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলীর নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল মেহেরপুর সদর উপজেলা পরিষদ থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এসে শেষ হয়।

এসময় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটনসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে জেলা আওয়ামীলীগের বিক্ষোভ মিছিল

সারাদেশে বিএনপি জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

এদিকে একই দাবীতে একটি বিক্ষোভ মিছিল জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাড়ি থেকে শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, জেলা আওয়ামীলীগের আইন বিষয়ক সম্পাদক ও পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, পৌর আওয়ামীলীগের সভাপতি ইকবাল

হোসেন বুলবুল, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, জেলা আওয়ামীলীগের সদস্য মিজানুর রহমান হিরন, স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবহান, সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন উপস্থিত ছিলেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

গাংনীতে ৭ কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

গাংনীতে ৭ কেজি গাঁজা সহ রাজিব ইসলাম (২৫) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব ১২)।

আজ রবিবার (৩০ জুলাই) দুপুরে গাংনী উপজেলার গাংনী-সাহারবাটি চারচারা বাজারগামী পাকা রাস্তার কাটাখালীর মোড়ে অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ৭ কেজি গাঁজা একটি ইজিবাইক ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

গ্রেফতারকৃত রাজিবুল ইসলাম কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার অঞ্জনগাছী গ্রামের নজরুল ইসলামের ছেলে।

গাংনী র্যাব ১২ কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, এই মাদক ব্যবসায়ী দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে কুষ্টিয়া জেলার মিরপুর থানা হতে মেহেরপুর জেলার গাংনী থানায় এসে মাদকদ্রব্য গাঁজা ক্রয় করে মেহেরপুর ও কুষ্টিয়া জেলার বিভিন্ন এলাকায় মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের নিকট বিক্রয় করে আসছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

ঢাবি’র সলিমুল্লাহ মুসলিম হল এসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক হলেন এমএএস ইমন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী সলিমুল্লাহ মুসলিম হল শাখা এলামনাই এসোসিয়েশনের ৪৬ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী পরিষদ গঠিত হয়েছে।

ত্রিবার্ষিক কার্যনির্বাহী পরিষদের মেয়াদ ২০২৩-২০২৫ পর্যন্ত। পরিষদের প্রধান পৃষ্টপোষক সাউথ ইষ্ট ব্যাংক লি: এর চেয়ারম্যান আলমগীর কবির।

কার্যনির্বাহী পরিষদের সভাপতি সাবেক অর্থ সচিব জাকির হোসেন খান, সাধারণ সম্পাদক নৌ পরিবহন মন্ত্রণালয়ের সচিব মো: মোস্তফা কামাল সদস্য সচিব ও সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন আনিসা গ্রুপ ও রাজধানী টিভির চেয়ারম্যান এমএএস ইমন।

কমিটির নির্বাহী সদস্যরা হলেন, সিনিয়র সহ-সভাপতি সাবেক সচিব ও রাষ্ট্রদূত সাহাব উল্লাহ, সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন যথাক্রমে কুঞ্জ ডেভেলপারস লি: এর প্রোপাইটার নাছির উদ্দীন মাহমুদ, সাবেক সচিব কেএম মোজাম্মেল হক মুকুল, সাবেক ছাত্র বিষয়ক উপদেষ্টা আবুল কাশেম চৌধুরী, সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট শাহ মোহাম্মদ আশরাফুল হক (জজ)।

যুগ্ম মহাসিচব-১, নির্বাচিত হয়েছেন, সেইফ এক্সপ্রেস এর প্রোপাইটর আরিফুজ্জামান ছইফ, যুগ্ম মহাসচিব-২ নির্বাচিত হয়েছেন, ব্যবসায়ী মো: আতাউর রহমান, কোষাধ্যক্ষ নির্বাটিত হয়েছেন, কর পরিদর্শন পরিদপ্তর এর মহাপরিচালক আহসান হাবিব (রিপন), দপ্তর সম্পাদক নির্বাচিত হয়েছেন এডিশনাল ডিআইজি (সিআইডি) এসএম আশরাফুজ্জামান, শিক্ষা ও সমাজ সেবা সম্পাদক বঙ্গবন্ধু কলেজের অধ্যক্ষ মো: জহুরুল আলম, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক নির্বাচিত হয়েছেন ব্যবসায়ী মমতাজুল করিম রুবেল, তথ্য ও প্রচার সম্পাদক নির্বাচিত হয়েছেন উপসচিব জেলা প্রশাসক গাজীপুর আবুল ফাতে মোহাম্মাদ সফিকুল ইসলাম।

নির্বাহী সদস্যরা হলেন, ব্যাংকার কায়েস সামি, জাতীয় রাজস্ব

বোর্ডের সাবেক সদস্য আবুল কাসেম, সাবেক সিনিয়র সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ মো: ইউনুসুর রহমান, প্রোপাইটার এআইএম এসোসিয়েটস, মিজানুর রহমান মেসবাহ, বিসিআইসি’র সাবেক ব্যবস্থাপনা পরিচালক শেখ রাফেজ আহমেদ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব আব্দুল্লাহ আল মাসুদ চৌধুরী, রাকাবের সাবেক জিএম আব্দুল হালিম কাফি, নিউএইজ এর অ্যাডভাইজার ফকির আবুল কালাম আজাদ, তাফা ট্রাভেলস কন্সালটেন্ট এর প্রোপাইটার একেএম বারী, ইউনিভার্স ওভারসিজ লিমিটেডের সিইও আখতার হোসেন চৌধুরী, প্যান প্যাসিফিক সোনার গাও হোটেল ঢাকা সাবেক ডিরেক্টর অব সেল্স আবুল কালাম, সাবেক সংসদ সদস্য মফিকুল হাসান তৃপ্তি, কাষ্টমস এর সাবেক সহকারি কমিশনার মো: নিজামুল হক বাহাদুর, বাংলাদেশ পুলিশের সাবেক ডিআইজি মঞ্জুর কাদের খান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. মশিউর রহমান, বাটন টেক্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আজাদ খান নান্টু, ব্যবসায়ী ইকবাল হোসেন রাজু, জাতীয় নদী রক্ষা কমিশনের সাবেক যুগ্ম সচিব মো: আমিনুল ইসলাম, জনতা ব্যংকের ব্যবস্থাপনা পরিচালক মো: আব্দুল জব্বার, বাংলাদেশ ব্যাংকের পরিচালক ইস্তেকমাল হোসেন দিপু, ব্যবসায়ী আব্দুল আলীম, বাংলাদেশ পুলিশের (এপিবিএন) ডিআইজি মোল্লা নজরুল ইসলাম, গুলশান জোনের উপপুলিশ কমিশনার মো: শহীদুল্লাহ, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের মহাব্যবস্থাপক খাইরুল ইসলাম জীবন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডেপুটি ডিরেক্টর শেখ রেজউল ইসলাম, যুগ্ম সচিব ড. মো: ফেরদৌস আলম, অগ্রনী ব্যাংকের প্রিন্সিপ্যাল অফিসার মো: আশাদুর রহমান (আসাদ), ঢাবি’র অধ্যাপক রফিক শাহরিয়ার, প্রধান মন্ত্রির কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা শাহিনুর রহমান শাহিন, আইনজীবী মো: হানিফ ও যমুনা ব্যাংকের কর্মকর্তা নাসিম আলম খান (পনির)।